

ব্যক টু স্কুল নথিভুক্তি বা এনরোলমেন্ট সংক্রান্ত সহায়তা

প্রিয় পরিবারবর্গ,

2024-2025 শিক্ষা বছর প্রায় এসে গেছে! নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলস্-এ স্কুলের প্রথম দিন হচ্ছে **বৃহস্পতিবার, 5 সেপ্টেম্বর**। আপনার যদি কোনো NYC পাবলিক স্কুলে আপনার সন্তানকে নথিভুক্ত বা এনরোল করার জন্য সহায়তার প্রয়োজন হয়, তবে এই হেমন্তে (ফল) আপনার সন্তান যে গ্রেডে যাবে সেটার ভিত্তিতে আপনি স্কুলে প্রত্যাবর্তন সম্পর্কে আরও জানতে এটা পড়া অব্যাহত রাখুন।

3-K এবং প্রি-K: 2020 সালে (প্রি-K) এবং 2021 সালে (3-K) জন্মগ্রহণকারী ছেলেমেয়ে অংশগ্রহণে যোগ্য। আপনার সন্তানের যদি কোনো অফার না থাকে, তবে অনুগ্রহ করে [MySchools.nyc.gov](https://www.myschools.nyc.gov)-এ প্রোগ্রামের অপেক্ষা-তালিকায় (ওয়েটলিস্ট) যোগ দিন। আপনি "Need a Seat for the 2024-25 School Year" (2024-25 শিক্ষা বছরের জন্য একটি আসন প্রয়োজন) ফিল্টারটি ব্যবহার করে যেসব স্কুলে আসন খালি থাকতে পারে, সেগুলো খুঁজতে পারেন।

কিন্ডারগার্টেন-পঞ্চম (5th) গ্রেড: 2019 সালে জন্মগ্রহণকারী শিক্ষার্থীরা কিন্ডারগার্টেনে ভর্তি হবার যোগ্য। 5 সেপ্টেম্বর থেকে শুরু করে আপনার সন্তানের জোনভুক্ত স্কুলে (যদি প্রযোজ্য হয়) সরাসরি রেজিস্টার করুন। আপনার জোনভুক্ত স্কুলটি শনাক্ত করতে [এখানে](#) আপনার ঠিকানা লিপিবদ্ধ করতে পারেন। যদি আপনার সন্তান ডিস্ট্রিক্ট 1, 7, অথবা 23-এ বসবাস করে তবে তার কোনো জোনভুক্ত স্কুল নেই, সেক্ষেত্রে অনুগ্রহ করে একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে](#) একটি অ্যাপয়েন্টমেন্ট সময়সূচি করুন। এছাড়াও কিন্ডারগার্টেনের বাড়তি অপশনগুলো অন্বেষণ করতে পরিবারেরা [অপেক্ষা-তালিকায় \(ওয়েটলিস্ট\)](#) যোগ দিতে পারেন।

ষষ্ঠ (6) - অষ্টম (8) গ্রেড: 5 সেপ্টেম্বর থেকে শুরু করে আপনার জোনভুক্ত স্কুলে (যদি প্রযোজ্য হয়) সরাসরি রেজিস্টার করুন। আপনার জোনভুক্ত স্কুলটি শনাক্ত করতে [এখানে](#) আপনার ঠিকানা লিপিবদ্ধ করতে পারেন। উল্লেখিত ডিস্ট্রিক্টগুলোর কোনো জোনভুক্ত স্কুল নেই: 1, 3, 5, 7, 12, 13, 14, 15, 16 এবং 23; আপনি যদি এই ডিস্ট্রিক্টগুলোতে বসবাস করে তবে আসন পাবার জন্য অনুগ্রহ করে একটি অ্যাপয়েন্টমেন্ট সময়সূচি করতে কোনো [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে যোগাযোগ করুন। এছাড়াও ষষ্ঠ (6) গ্রেডের বাড়তি অপশনগুলো অন্বেষণ করতে পরিবারেরা [অপেক্ষা-তালিকায় \(ওয়েটলিস্ট\)](#) যোগ দিতে পারেন।

নবম (9) - দ্বাদশ (12) গ্রেড: কোনো হাই স্কুলে আসন খুঁজতে [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট সময়সূচি করুন। অতিরিক্তভাবে, নবম (9) ও দশম (10) গ্রেডের জন্য আরো বিকল্প অন্বেষণ করতে পরিবারেরা বিভিন্ন [অপেক্ষা-তালিকায় \(ওয়েটলিস্ট\)](#) যোগ দিতে পারেন।

12 অগাস্ট - 13 সেপ্টেম্বর পর্যন্ত, আমাদের অনেক ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিবারদের অস্থায়ী স্থান থেকে সহায়তা দেবে। [আপনি \(718\) 935-2828 নম্বরে ফোন করে একটি অ্যাপয়েন্টমেন্ট সময়সূচি করতে পারেন।](#) আরো তথ্যের জন্য অনুগ্রহ করে প্রতিটি স্কুলের [ওয়েবসাইট](#) দেখুন।

2025 সালের হেমন্তে (ফল) নথিভুক্ত (এনরোলমেন্ট) হবার আবেদনপত্র এই আসন্ন শিক্ষা বছর উন্মুক্ত হবে। আবেদনের সময় ঘনিয়ে আসার সাথে সাথে আরও হালনাগাদ তথ্যের প্রতি চোখ রাখুন। ইতোমধ্যে, সঠিক ভর্তি প্রক্রিয়া সম্পর্কে ইমেইল পাওয়ার জন্য [এখানে](#) সাইন-আপ করেছেন, তা নিশ্চিত করুন। সহায়তা পেতে আপনি নিচের ইমেইল ঠিকানাগুলোতে যোগাযোগ করতে পারেন!

- হাই স্কুলে ভর্তির জন্য সহায়তা পেতে অনুগ্রহ করে HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।
- মিডল স্কুলে ভর্তির জন্য সহায়তা পেতে অনুগ্রহ করে MSEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।
- কিন্ডারগার্টেন, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড, প্রি-K & 3-K-তে ভর্তির জন্য অনুগ্রহ করে ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।

আরও প্রশ্ন আছে? আমাদেরকে (718) 935-2009 নম্বরে ফোন করুন। এ বছর আপনি যখন স্কুলে আবেদন করবেন, তখন আপনার সহায়তা করার জন্য আমরা উদ্বীণ হয়ে আছি!

শুভেচ্ছান্তে,

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আপনি যদি আমাদের যেকোনো অথবা সকল মেইলিং লিস্ট থেকে **কোনো ইমেইল পেতে না চান**, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।